গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়নের জন্য উদ্ভাবনী উদ্যোগ/ধারণা চূড়ান্তকরণের লক্ষ্যে আয়োজিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | সালমা আক্তার<br>পরিচালক (ভূতত্ত্ব) |
| সভার তারিখ | ৩১ অক্টোবর, ২০২১ |
| সভার সময় | বেলা ২:৩০ |
| স্থান | শহীদ মোকলেসুর রহমান মিলনায়তন |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |


আলোচনা:

সভায় জিএসবি'র উপ-মহাপরিচালক (ভূতত্ত)-২, শাখা প্রধানগণ, ইনোভেশন টিমের সদস্যগণ ও আইডিয়া প্রদানকারী উদ্ভাবকগণ উপস্থিত ছিলেন। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উদ্ভাবকগণকে তাদের স্ব স্ব ধারণাগুলো উপস্থাপন করার জন্য আহবান জানান। জনাব মোহাম্মদ জহির উদ্দিন, উপ-পরিচালক (ভূ-পদার্থ) উদ্ভাবনী আইডিয়া হিসেবে 'সাইসমিক জরিপ কার্যক্রমে শট ড্রিলিং সহজিকরণ' শীর্ষক আইডিয়াটি উপস্থাপন করেন। জনাব নিজাম উদ্দিন আহমেদ, পরিচালক (ভূ-পদার্থ) বলেন আইডিয়াটি বাস্তবায়নে যদি প্রকৃতপক্ষে সময়, অর্থ ও জনবল কমানো যায় সেক্ষেত্রে আইডিয়াটি ভালো হবে। জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) আইডিয়াটির কাজের ধরণ ও পদ্ধতিতে কি ধরণের নতুনত্ব রয়েছে তা জানতে চান। জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) আইডিয়াটিতে নতুনত্ব থাকায় এবং TCV কম হওয়ায় তা উদ্ভাবনী উদ্যোগ হিসেবে গ্রহন করা যেতে পারে যা ভূ-পদার্থিক জরিপ কাজের অর্থ, সময় ও ঝুকি কমানো যাবে বলে তার মতামত ব্যক্ত করেন। জনাব ফারুক হোসাইন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সেবা সহজিকরণ আইডিয়া হিসেবে 'GSB Training Management System' শীর্ষক আইডিয়া উপস্থাপন করেন যেখানে একটি Database সফটওয়ার তৈরী করার কথা বলা হয়। জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) বলেন এটা Excel Sheet এর মাধ্যমে করা সম্ভব। জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) আইডিয়াটিকে আরো ডিজিটাল ফরম্যাটে ও Integrated-ভাবে তৈরী করার গুরুত্ব আরোপ করেন। এ. জে. এম. ইমদাদুল হক, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সেবা সহজিকরণ আইডিয়া হিসেবে 'জিএসবি'র ভূ-বৈজ্ঞানিক তথ্য অনুসন্ধান', 'জিএসবি'র ই-জাদুঘর' ও 'আপনি কি চান' শীর্ষক তিনটি আইডিয়া উপস্থাপন করেন। জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) বলেন জিএসবি'র যে জাদুঘর রয়েছে তা ই-জাদুঘর হিসেবে রুপান্তরিত করলে তা ভলো একটি আইডিয়া হবে। এছাড়া তিনি 'জিএসবি'র ভূ-বৈজ্ঞানিক তথ্য অনুসন্ধান'ও 'আপনি কি চান' শীর্ষক আইডিয়া দুটিও বাস্তবায়নযোগ্য বলে তার মতামত ব্যক্ত করেন। করেন। জনাব নিজাম উদ্দিন আহমেদ, পরিচালক (ভূ-পদার্থ) 'আপনি কি চান' শীর্ষক আইডিয়া বাস্তবায়নের ক্ষেত্রে সাব-মেনুগুলোতে বিশদ তথ্য সংযুক্ত করার প্রয়োজনীয়তার উপর জোর দেন। মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান ডিজিটাল সেবা হিসেবে লাইব্রেরি সেবা সম্পর্কিত 'জিএসবি'র লাইব্রেরিকে ই-লাইব্রেরিতে রুপান্তরের লক্ষ্যে ক্যাটালগ প্রস্তুতকরণ' শীর্ষক আইডিয়া উপস্থাপন করেন। জনাব সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) সেবাটিতে প্রতাশিত ও অপ্রকাশিত প্রতিবেদনগুলোর সারসংক্ষেপ দেয়া হবে কিনা ও নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তাবায়ন সম্ভব হবে কিনা জানতে চান।

উদ্ভাবকগণের উপস্থাপনায় উপস্থিত উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব)-২ মহোদয় ও শাখা প্রধানগণ এবং ইনোভেশন টিমের সদস্যবৃন্দের মতামতের ভিত্তিতে নিম্মোক্ত আইডিয়াগুলোকে চুড়ান্ত করার সিদ্ধান্ত হয়।

| সেবার ধরণ | সেবার নাম | উদ্ভাবক/ উদ্ভাবক |
|---|---|---|
| উদ্ভাবনী ধারণা | 'সাইসমিক জরিপ কার্যক্রমে শট ড্রিলিং সহজিকরণ' | মোহাম্মদ জহির উদ্দিন, উপ-পরিচালক (ভূ-পদার্থ) |
| সেবা সহজিকরণ | 'জিএসবি'র ভূ-বৈজ্ঞানিক তথ্য অনুসন্ধান' | এ. জে. এম. ইমদাদুল হক, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) |
| সেবা ডিজিটাইজেশন | 'জিএসবি'র লাইব্রেরিকে ই-লাইব্রেরিতে রুপান্তরের লক্ষ্যে ক্যাটালগ প্রস্তুতকরণ' | ১. মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান (দল প্রধান)<br>২. মোহাম্মদ হাদিউল ইসলাম আকন্দ, লাইব্রেরিয়ান |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



সালমা আক্তার
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.৩৮

তারিখ: ২৯ কার্তিক ১৪২৮
১৪ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
২) উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব) , উপ-মহাপরিচালক এর দপ্তর (বিভাগ-২), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৩) জিএসবি'র শাখা প্রধানগণ
৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২, অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৫) উপ-পরিচালক (ভূপদার্থ)-২ , অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৬) উপ-পরিচালক (রসায়ন)-১ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৭) উপ-পরিচালক (ড্রিলিং)-৩, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৮) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২, উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৯) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৫ , ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১০) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২ , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১১) লাইব্রেরিয়ান-১, প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১২) লাইব্রেরিয়ান-২ , প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৩) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

মো: মহি উদ্দিন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)- ও বিকল্প ফোকাল
পয়েন্ট, ইনোভেশন টিম